

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উদ্ধর্তন নিয়োগ-১ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১৩০.৩২.০০৫৮.২৬.৪৪১

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩৩
১৮ এপ্রিল ২০২৬


শোক বার্তা

জনাব মাহবুবুর রহমান (৭৫১৪), সচিব, বাণিজ্য মন্ত্রণালয় গত ১৭ এপ্রিল ২০২৬ তারিখে ভোর ০৬:২৫ মিনিটে রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। মরহম মাহবুবুর রহমান ৩১ অক্টোবর ১৯৬৭ তারিখে পিরোজপুর জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২৫ এপ্রিল ১৯৯৪ তারিখে বিসিএস (শুল্ক ও আবগারি) ক্যাডারের ১৩তম ব্যাচে যোগদান করেন। তিনি গত ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে সচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন এবং সর্বশেষ সচিব, বাণিজ্য মন্ত্রণালয় হিসেবে কর্মরত ছিলেন।

০৩। মরহম মাহবুবুর রহমান তাঁর দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন সন্তান, মা, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহম মাহবুবুর রহমান (৭৫১৪)-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার শান্তি কামনা করছে এবং মরহমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।



মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব